Information for Parents

সাফল্য অর্জন করা

শিক্ষা ক্ষেত্রে নতুন প্রযুক্তি

বাচ্চাদের জীবনে মা-বাবা, অভিভাবক এবং পরিবার পরিজন সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। আমরা দ্রুত এখন পরিবর্তনশীল জগতে বাস করছি এবং আমাদের দৈনন্দিন জীবনে কম্পিউটার এবং অন্যান্য ধরনের নতুন প্রযুক্তি অতি প্রয়োজনীয় বিষয় হয়ে পড়ছে। কম্পিউটার এবং নতুন প্রযুক্তি এখন সবখানে – বাড়িতে, স্কুলে, কর্মস্থলে, দোকানে এমন কি রাস্তায়ও রয়েছে। বাচ্চারা স্বভাবতই নতুন প্রযুক্তির প্রতি আগ্রহ ও উৎসাহ প্রদর্শন করে, এবং তা তাদের লেখাপড়ায় এবং বোধগম্যতায় অনেক সাহায্য করে থাকে। কম বয়স থেকেই নতুন প্রযুক্তি ব্যবহারের ক্ষেত্রে আপনার বাচ্চার মধ্যে আস্থা ও সহজসাধ্যতা গড়ে তুলে আপনিও আপনার বাচ্চার শিক্ষায় সাহায্য করতে পারেন। আপনার স্কুল জীবনে আপনি হয়তো এই ধরনের প্রযুক্তি ব্যবহার করেন নাই। তা সত্ত্বেও এগুলো ব্যবহার করা কঠিন ব্যাপার নয়। এগুলো শিখে নেওয়ার ব্যাপারে সাহায্য – এই প্রচারপত্রের পিছনের পৃষ্ঠায় সাহায্য প্রদানকারী কিছু প্রতিষ্ঠানের সাথে যোগাযোগের বিবরণ দেওয়া হয়েছে।

নতুন প্রযুক্তি মানে শুধু কম্পিউটারই নয়!

অনেক সময় স্কুলে ইনফর্মেশন এণ্ড কমিউনিক্যাশন টেকনোলজি (সংক্ষিপ্ত রূপ ‘আই.সি.টি’) নামের একটি বিষয়ের কথা উল্লেখ করা হয়ে থাকে। আই.সি.টি বলতে কেবল কম্পিউটারকেই বোঝানো হয় না, বরং নানা ধরনের নতুন প্রযুক্তিকে বোঝানো হয়, যেগুলো আমরা তথ্য সংরক্ষণ, সংগ্রহ এবং অনুসন্ধানের জন্য এবং ইলেকট্রনিক পদ্ধতিতে যোগাযোগের জন্য ব্যবহার করে থাকি। এগুলোর মধ্যে রয়েছে কম্পিউটার, ইন্টারনেট এবং ই-মেইল; এবং মোবাইল ফোন, ডিজিটাল ক্যামেরা, ক্যামকোর্ডার, MP3 প্লেয়ার, আইপড, এবং আরো অনেক কিছু।

স্কুলগুলো কি কি করছে?

স্কুলে আপনার বাচ্চা আই.সি.টি (ICT) **সম্পর্কে** শিক্ষা লাভ করছে – সে প্রযুক্তি ব্যবহার সম্পর্কে শিখছে – তবে সে আই.সি.টি-র ***মাধ্যমেও*** শিক্ষা লাভ করবে – যেমন, ইন্টারনেট ব্যবহার করে কোনো বিষয় সম্পর্কে তথ্য বের করবে, অথবা ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে অন্য কোনো দেশের বাচ্চাদের সাথে আলাপ করবে।

অনেক স্কুলে ইন্টারেক্টিভ হোয়াইট বোর্ড নামে এক প্রকার বোর্ড রয়েছে, যেগুলো ছাত্রছাত্রীরা টিচারের সাথে সাথে নিজেদের আসনে বসেই প্রযুক্তির মাধ্যমে ব্যবহার করতে পারে। তাছাড়াও রয়েছে ডিজিটাল ভিডিও ক্যামেরা এবং অন্যান্য ধরনের আধুনিক যন্ত্র-সামগ্রী। অন্য দিকে ইন্টারনেট ও ইমেইলের সংযোগ সহ কম্পিউটারতো আছেই। এগুলো পাঠ্যক্রমের সব বিষয়ে বাচ্চাদের জ্ঞান অর্জন এবং জ্ঞানের পরিখি বিস্তৃতি করার জন্য বিভিন্ন ভাবে ব্যবহার করা হয়। টিচারের পাঠদান, হোমওয়ার্ক এবং পুরোনো পাঠ পুনরাবৃত্তিতে (রিভিশনে) ইন্টারনেটের ব্যবহার থেকে শুরু করে, কোনো কোনো স্কুল আইপড এবং ওয়েবলগ (ওয়েবসাইট ভিত্তিক ডায়েরি) ব্যবহার করে বাচ্চাদের জ্ঞানের পরিধি বিস্তৃত করছে।

আমার বাচ্চা কিভাবে উপকৃত হবে?

কম্পিউটার এবং আই.সি.টি-র মাধ্যমে শিক্ষা লাভ করলে:

- ক্লাসরুমে অনুপ্রেরণা এবং উদ্যম বৃদ্ধি পায়
- স্কুল এবং স্কুলের বাইরে, উভয় শিক্ষা লাভের উৎসাহ বাড়ে
- অন্যান্যদের সাথে ধ্যান ধারণা বিনিময়ের ক্ষেত্রে বাচ্চারা উৎসাহিত হয়ে উঠে
- বাচ্চারা অত্যন্ত উন্নত মানের শিক্ষার কাজ তৈরি করতে সমর্থ যেগুলোর ব্যাপারে তারা গৌরব বোধ করে থাকে
- বাচ্চাদের যোগাযোগ বা মনের কথা আদানপ্রদান করার ক্ষমতা উন্নত হয়
- আরো স্বনির্ভর হতে বাচ্চাদেরকে সাহায্য করে
- সৃজনশীল হওয়ার উৎসাহ যোগায়
- কর্ম জীবনের জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জনে সাহায্য করে।

আমি কি করতে পারি?

প্রতিদিন যেসব নতুন প্রযুক্তির সংস্পর্শে আসেন, সেগুলোর প্রতি আপনার বাচ্চার দৃষ্টি আকর্ষণ করবেন এবং সেগুলো ব্যবহার করতে দিয়ে আপনার বাচ্চাকে নতুন প্রযুক্তির সাথে পরিচিত করে তুলতে পারেন। ছোট বাচ্চাদেরকে নিয়ে শপিং সেন্টারে গেলে নিম্নলিখিত বিষয়গুলো তাদেরকে শিক্ষা লাভের সুযোগ প্রদান করতে পারে, যেমন:

- ট্রাফিক লাইট এবং 'গ্রীন ম্যান' ক্রসিং
- সুপারমার্কেটের স্কানার
- লিফ্‌ট এবং চলন্ত সিঁড়ি
- নগদ টাকা উঠানোর ব্যাংকের ক্যাশ মেশিন
- ফটো তোলার স্বয়ংক্রিয় মেশিন।

বাড়িতে নিম্নলিখিত নতুন প্রযুক্তির ব্যবহার সম্পর্কে শিক্ষা লাভে আপনার বাচ্চাকে সাহায্য করতে পারেন, যেমন:

- কম্পিউটার
- ডি.ভি.ডি প্লেয়ার
- ডিজিটাল টিভি
- ডিজিটাল ক্যামেরা
- মোবাইল ফোন
- মাইক্রোওয়েইভ ওভেন।

এসব নতুন প্রযুক্তি কিভাবে ব্যবহার করতে হয়, তা হয়তো আপনার বাচ্চা ইতিমধ্যেই আপনার থেকে বেশি শিখে নিয়েছে। সুতরাং কোনো প্রযুক্তি কিভাবে চালাতে ও ব্যবহার করতে হয় তা আপনাকে দেখানো ও বোঝানোর জন্য তাকে বলুন। বিভিন্ন ধরনের যন্ত্রসামগ্রী, যেমন ডিভিডি প্লেয়ার চালানোতে সাহায্য করুন, আপনার মোবাইল ফোনের কার্যপদ্ধতি তাকে দেখান। বাচ্চা এবং আপনি মিলে শিক্ষা লাভ করলে, আপনার উভয়েই উপকৃত হবেন!

সাম্প্রতিক এক জরিপে দেখা গেছে যে 90% স্কুলের ছাত্রছাত্রী স্কুলের বাইরে কোথাও না কোথাও কম্পিউটার ব্যবহার করেছে, এবং সংখ্যাগরিষ্ঠ ছাত্রছাত্রীই নিজেদের বাড়িতে একটি কম্পিউটার থাকার কথা বলেছে।

আপনার বাড়িতে কম্পিউটার থাকলে, হোমওয়ার্ক এবং রিভিশনের কাজে তা ব্যবহারের জন্য আপনার বাচ্চাকে উৎসাহ দিন, তার কাজ নিয়ে আলোচনা করুন এবং কোনো সমস্যা দেখা দিলে যাতে আপনি সাহায্য করতে পারেন সেইজন্য তার কাছেই অবস্থান করুন। নিরাপদে ইন্টারনেট ব্যবহার সম্পর্কে আপনার এবং আপনার বাচ্চার যাতে জানা থাকে, তা নিশ্চি করে নেবেন। কম্পিউটারটি বাসস্থানের এমন এক স্থানে রাখার ব্যবস্থা করুন, যাতে আপনার বাচ্চা ইন্টারনেটে থাকাকালে আপনি তার উপর সহজেই নজর রাখতে পারেন।

কম্পিউটার ট্রেইনিং নিতে চাইলে আপনার এলাকার লাইব্রেরী, কলেজ অথবা লার্ন ডাইরেক্ট (Learn Direct) এর সাথে যোগাযোগ করুন। প্যারেন্ট্স ইনফর্মেশন নেটওয়ার্ক (Parents Information Network) এর ওয়েবসাইটে কম্পিউটার, সফ্‌টওয়ার এবং ইন্টারনেট সম্পর্কে পরামর্শ পাবেন। যোগাযোগের বিবরণ এই প্রচারপত্রের পিছনের পৃষ্ঠায় দেওয়া হয়েছে। বাড়িতে বাচ্চাদের লেখাপড়ায় সাহায্য করা সম্পর্কে আরো জানার জন্য স্কুলের সাথে যোগাযোগ করুন।

বাড়িতে আমার কম্পিউটার না থাকলে আমার বাচ্চা কোথায় কম্পিউটার ব্যবহারের সুযোগ পাবে?

আপনার বাড়িতে কম্পিউটার না থাকলে আপনার বাচ্চা তার কোনো বন্ধু অথবা আপনাদের আত্মীয়ের বাড়িতে, স্কুল ছুটির পর আয়োজিত কোনো ক্লাবে, কমিউনিটি সেন্টারে, ইন্টারনেট ক্যাফেতে অথবা স্থানীয় লাইব্রেরীতে তা ব্যবহার করতে পারবে। লাইব্রেরীগুলোতে সাধারণত বিনামূল্যে এবং নিরাপদের সাথে ইন্টারনেট ব্যবহার করা যায় এবং সেখানে ইন্টারনেট ব্যবহারের ক্ষেত্রে সাহায্যও পাওয়া যায়।

কম্পিউটার ব্যবহার সম্পর্কে আপনার জানা না থাকলে, তা শিখার সময় কখনো ফুরিয়ে যায় না! আপনার লাইব্রেরীতে যেতে পারেন, সান্ধ্যকালীন ক্লাসে যোগ দিতে পারেন অথবা আপনার বাচ্চার সাথে বসতে পারেন ... এবং একসাথে শিখে নিতে পারেন।

প্যারেন্টরজৌন (Parentzone) রে ওয়েবসাইটে কম্পিউটারের সাহায্যে শিক্ষা লাভ এবং অন্যান্য নতুন প্রযুক্তি সম্পর্কে কিংবা স্কটিশ শিক্ষার যে কোনো বিষয় সম্পর্কে জেনে নিতে পারবেন।
www.parentzonescotland.gov.uk

প্রয়োজনীয় সংযোগ এবং যোগাযোগ

প্যারেন্টজৌন (Parentzone) www.parentzonescotland.gov.uk

লার্ন ডাইরেক্ট কম্পিউটার ট্রেইনিং কৌর্স
(Learn Direct Computer training courses) www.learndirectscotland.com
টেলি: 0808 100 9000

প্যারেন্টস ইনফর্মেশন নেটওয়ার্ক (Parents Information Network)
(কম্পিউটার এবং সফটওয়ার সম্পর্কে পরামর্শ দেওয়া হয়) www.pin.org.uk

নিরাপদের সাথে ইন্টারনেট ব্যবহার (Safe use of the internet)
www.chatsafer.co.uk
www.parentscentre.gov.uk/usingtheinternet/internetsafety
www.nch.org.uk/information/index.php?i=134

ইন্টারনেট ব্যবহার সম্পর্কে নির্দেশিকা (Guide to using the internet) www.bbc.co.uk/webwise

স্ট্যাণ্ডার্ড এবং হাইয়ার গ্রেইডের রিভিশন সামগ্রী
(Standard Grade and Higher revision material) www.bbc.co.uk/scotland/education/bitesize

বিশেষ সাহায্যের দরকার এমন বাচ্চাদের জন্য বিশেষ ধরনের প্রযুক্তি
(Specialist technology for additional support needs) www.callcentre.education.ed.ac.uk
টেলি: 0131 651 6235

বিবিসি প্যারেন্টস (BBC Parents) www.bbc.co.uk/schools/parents

চাইল্ডকেয়ার লিংক (Childcare Link)
টেলি: 0800 096 0296 www.childcarelink.gov.uk

ওয়ান প্যারেন্ট ফ্যামিলিজ স্কটল্যাণ্ড (One Parent Families Scotland)
টেলি: 0800 018 5026 www.opfs.org.uk

প্যারেন্টস্‌সেন্টার (Parentscentre) www.parentscentre.gov.uk

প্যারেন্টলাইন স্কটল্যাণ্ড (ParentLine Scotland)
টেলি: 0808 800 2222 www.children1st.org.uk/parentline

প্যারেন্ট নেটওয়ার্ক স্কটল্যাণ্ড (Parent Network Scotland)
টেলি: 0131 555 6780 www.parentnetworkscotland.org.uk

এনকোয়ার (Enquire) (শিক্ষা ক্ষেত্রে অতিরিক্ত সাহায্য দরকার এমন বাচ্চাদের জন্য স্কটিশ পরামর্শ সার্ভিস)
সাহায্যলাইন: 0845 123 23 03 টেক্সটফোন: 0131 222 2439 www.enquire.org.uk

মা-বাবা এবং অভিভাবক তাদের বাচ্চাদের শিক্ষায় যে পার্থক্য আনতে পারেন এবং এনেও থাকেন, তা তুলে ধরে ধারাবাহিক ভাবে প্রকাশিত অনেক প্রচারপত্রের্মধ্যে এটি নয় নম্বর প্রচারপত্র। আপনার বাচ্চার স্কুল থেকে আপনি যে পরামর্শ পাবেন, তার সাথে মিলিয়ে ধারাবাহিক ভাবে প্রকাশিত প্রচারপত্রগুলোর তথ্য আপনার বাচ্চার স্কুলের সাথে আরো ভালভাবে জড়িত হতে আপনাকে সাহায্য করবে। আমাদের প্রকাশিত অন্যান্য প্রচারপত্রগুলো হলো হোমওয়ার্ক, তথ্য বিনিময় (শেয়ারিং ইনফারিং ইনফর্মেশন), মা-বাবাদের সাথে স্কলের মিটিং (প্যারেন্টস ইভনিং), স্কুলের হলিডে, নতুন শিক্ষাবর্ষ শুরুকরণ, স্বাস্থ্যকর পছন্দ (হেলথি চয়েসেস), স্কুল ছুটির পর শিক্ষা (আউট অব স্কল লার্নিং) এবং শিক্ষা ক্ষেত্রে এন্টারপ্রাইজিং। এসব প্রচারপত্রের সাথে উপরোক্ত বিষয়গুলো সম্পর্কে স্কুল এবং টিচারদের জন্য শিক্ষা-সামগ্রীও রয়েছে।

যদি আমাদের সাথে যোগাযোগ করতে চান, অথবা অন্য কোনো বিষয় নিয়ে প্রচারপত্র প্রকাশ করার অনুরোধ জানাতে চান, তাহলে অনুগ্রহপূর্বক www.parentzonescotland.gov.uk-এই ওয়েবসাইটে যান, অথবা 0131 244 0956 নাম্বারে ফোন করুন। এই প্রচারপত্রটি বিভিন্ন ভাষায় এবং নুমনায় আপনার বাচ্চার স্কুলে এবং প্যারেন্টজৌনের ওয়েবসাইটে পাওয়া যাবে।

ধারাবাহিক ভাবে প্রকাশিত প্রচারপত্রগুলো কোয়ালিটি ইন এজুক্যাশন সেন্টার (স্ট্র্যাথক্লাইড ইউনিভিার্সিটি) এবং চিলড্রেন ইন স্কটল্যাণ্ডের সাথে যৌথভাবে তৈরি করা হয়েছে।

এই অনুবাদে মুল ভাষায় লিখিত দলিলের সঠিক বিষয়বস্ত তুলে ধরা হয়েছে বলে মনে করা হয়।

SCOTTISH EXECUTIVE

Astron B45014 01-06 (Bengali)